গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০. ৯৩৮৫ তারিখ: ১৭/১১/২০২০ খ্রি.

**বিষয় : ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ৪র্থ এ্যাসাইনমেন্ট (চতুর্থ সপ্তাহের জন্য) প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীকে শিক্ষা ব্যবস্থার সাথে সম্পৃক্ত রাখতে এ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) নির্ধারণ করা হয়েছে। **সে প্রেক্ষিতে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের চতুর্থ সপ্তাহের এ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ) প্রেরণ করা হলো।**

এমতাবস্থায়, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির **চতুর্থ সপ্তাহের এ্যাসাইনমেন্ট (নির্ধারিত কাজ)** সকল শিক্ষার্থীদের অবহিতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত : এ্যাসাইনমেন্ট (চতুর্থ সপ্তাহের জন্য)**

১৭/১১/২০২০
**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ৯৫৫৪৫৬৫

**বিতরণ:**
১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.......................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[এ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪. পরিচালক(মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৫. সংরক্ষণ নথি

**Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19, 2020**

**Class: 6** **Subject: English**

| Serial | Unit and Title of the Lesson | Assigned Tasks/ Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| **3rd Assigned Task** | English Grammar and Composition for Class 6<br><br>**Unit 8:**<br>Punctuation and capitalization | **HW:**<br>Activity 1, 2, 3<br><br>**HW:**<br>Have you ever visited a railway station and/or bus station? How are they similar or dissimilar? Narrate your experience there in 200 words answering the following questions:<br><br>When did you go there?<br>Who accompanied you?<br>Why did you go there?<br>What did you see there?<br>What was very interesting to you?<br>What didn't you like that much?<br>Add some visuals that support your ideas | Teacher will check<br>Proper use of punctuation and in paragraph, ideas in content, language, organization, communication, spelling, grammar |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-২** | **সপ্তম অধ্যায়:**<br>পদার্থের বৈশিষ্ট্য এবং বাহ্যিক প্রভাব<br>**পাঠ ১-৩:**<br>পদার্থের বৈশিষ্ট্য ও শ্রেণিবিন্যাস<br>**পাঠ ৪-৬:**<br>ধাতু ও অধাতুর বৈশিষ্ট্য<br>**পাঠ ৭-৮:**<br>ধাতু ও অধাতুর বিদ্যুৎ পরিবাহিতা<br><br>**সপ্তম অধ্যায়:**<br>পদার্থের বৈশিষ্ট্য এবং বাহ্যিক প্রভাব<br>**পাঠ ৯-১১:**<br>গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক |  <br>১ম চিত্র ২য় চিত্র (বরফ)<br>ক) বিদ্যুৎ পরিবাহী ও অপরিবাহী পদার্থের নাম লিখ।<br>খ) বিদ্যুৎ পরিবহনে তামার তার ব্যবহারের কারণ কী?<br>গ) উদ্দীপকের ১ম চিত্রে মোম গলে পড়ার পরবর্তী অবস্থা ব্যাখ্যা কর।<br>ঘ) চিত্রের পদার্থ দুটির গলনাংক ও হিমাংক কি একই? পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। | • নির্ভুল তথ্য ও যুক্তি সম্মত ব্যাখ্যা প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদানের সক্ষমতা<br>• প্রশ্নের অনুধাবন ক্ষমতা<br>• বিষয়বস্তুর গভীরতা<br>• প্রয়োগ ক্ষমতা |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-২** | **একাদশ অধ্যায়:**<br>বাংলাদেশের শিশুর বেড়ে উঠা ও প্রতিবন্ধকতা<br><br>**ত্রয়োদশ অধ্যায়:**<br>টেকসই উন্নয়ন (এসডিজি) | তোমার পরিবারের সদস্যদের কোন কোন কাজ টেকসই উন্নয়নের অন্তরায় তা চিহ্নিত করে একটি প্রতিবেদন উপস্থাপন কর।<br><br>(ভূমিকা- টেকসই উন্নয়ন কি- টেকসই উন্নয়নের অন্তরায় আচরণসমূহ- পরিবারের সদস্যদের আচরণ- ব্যক্তিগত মতামত- উপসংহার) | • বিষয়বস্তুগত জ্ঞান<br>• নির্ভুল তথ্য ও যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• ব্যক্তিগত অভিজ্ঞতার সমন্বয়<br>• সৃজনশীল ব্যাখ্যা প্রদান<br>• সমস্যা চিহ্নিতকরণ |

**Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID- 19, 2020**

**Class: 7** **Subject: English**

| Serial | Unit and Title of the Lesson | Assigned Tasks/ Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| 3rd **Assigned Work** | **English Grammar and Composition, Class Seven:** Tense (Present Perfect, Past Indefinite, Future Continuous), Article, Preposition | 1. Rewrite the passage using correct form of verbs in the brackets.<br><br>Dear Masum,<br>Your letter regarding your joyful picnic (come) to me just now as a marvelous one. In your letter you (want) to know about the picnic that we (enjoy) recently. Now I (write) to you about it. We, the students of class seven (choose) Sonargaon as our picnic spot. We (be) 30 in number. One of our teachers (be) with us. We (reach) there at about 10 a.m. We (enjoy) the day very much. At last we (return) home safely. We never (forget) the day.<br><br>Yours ever<br>Monir<br><br>**Homework:**<br>2. Read your English grammar textbook from page no.83—89 and do the activities of Section B (i, ii and iii)<br>3. Choose the correct preposition from the list and fill in the gaps. *(on, beside, at, about, in, of, into)*<br><br>Dear Mita,<br>__ first take my cordial love. Hope you are safe and sound. Today I'm going to tell you __ my reading room. The morning sun rays enters __ it and there is enough space _ air circulation. There are a reading table, a chair and a bookshelf__ my room. If you come, you can see there are a world map, a wall clock and some beautiful wall mats hung __ the wall _ my reading room. The bookshelf is kept __ the table. I like my reading room and I keep it neat and clean.<br><br>Hope to see you soon.<br>Tonmoy | Teacher will correct the exercises and make comments. |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: ৭ম** **বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-২** | **ষষ্ঠ অধ্যায় :**<br>পদার্থের গঠন<br>পরমাণুর কণা<br>পরমাণু ও অণু<br>ক্ষুদ্রতম কণার মতবাদ<br>অণু ও সংকেত<br>সার্বজনীন দ্রাবক হিসেবে পানির ব্যবহার | **প্রশ্ন ১:** লিথিয়াম, পানি, খাবার লবন, চক, কার্বন, চুন, নাইট্রোজেন, পটাশিয়াম, অক্সিজেন, আয়োডাইড, লোহা, ক্লোরিন ইত্যাদি কিছু পদার্থ।<br>ক) মৌলিক পদার্থ কাকে বলে?<br>খ) অণু ও পরমাণুর মধ্যে পার্থক্য লিখ।<br>গ) উদ্দীপকে উল্লেখিত পদার্থগুলোকে প্রতীক ও সংকেতের সাহায্যে প্রকাশ করে মৌলিক পদার্থ ও যৌগিক পদার্থ আলাদা কর।<br>ঘ) উল্লেখিত পদার্থগুলোর মধ্যে কাকে সার্বজনীন দ্রাবক বলা হয়? কারণ বিশ্লেষণ কর।<br>**সংক্ষিপ্ত প্রশ্ন :**<br>১। চিনিকে কেন যৌগিক পদার্থ বলা হয়? | • নির্ভুল তথ্য ও যুক্তি সম্মত ব্যাখ্যা প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদানের দক্ষতা<br>• প্রতীক ও সংকেতের সঠিক ব্যবহারের দক্ষতা<br>• প্রশ্নের অনুধাবন ক্ষমতা<br>• বিষয় বস্তুর গভীরতা<br>• প্রয়োগ ক্ষমতা |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: ৭ম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-২** | **পঞ্চম অধ্যায়:**<br>**বাংলাদেশ ও বাংলাদেশের নাগরিক**<br>**পাঠ-১:** সুনাগরিকের গুণাবলী<br><br>**ষষ্ঠ অধ্যায়:**<br>**বাংলাদেশের নির্বাচন ব্যবস্থা**<br>**পাঠ-৩:** নির্বাচন কমিশন, নির্বাচনী এলাকা ও নির্বাচনী আচরণবিধি | **নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:**<br>১. একজন সুনাগরিক হিসেবে নিজেকে গড়ে তোলার ক্ষেত্রে তোমার যা করণীয় আছে তার একটি কর্মপরিকল্পনা তৈরি করো।<br><br>২. তোমার এলাকায় নির্বাচনের সময় যেসব নির্বাচনী আচরণবিধি পালন করা হয় তা বর্ণনা কর। | ১. বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>২. নিভূল তথ্য ও যুক্তিসম্মত ব্যাখা প্রদান<br>৩. ব্যক্তিগত অভিজ্ঞতার সমন্বয়<br>৪. প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদান |

**Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID- 19, 2020**

**Class: 8** **Subject: English**

| Serial | Unit and Title of the Lesson | Assigned Tasks/ Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| 3rd **Assigned Task** | **English Grammar and Composition, Class- 8**<br>**Unit-7:**<br>Changing Sentences<br><br>Paragraph (Descriptive) | **Exercise at page no. 143**<br>Changing assertive sentences into interrogative<br>Suppose you visited a place last year. Describe that place answering the following questions:<br><br>1) Where did you visit?<br>2) Why did you go there?<br>3) How did you go there?<br>4) Who accompanied you?<br>5) Did you like the place? Why/Why not? | Teacher will check the grammar exercises and write comments and assess the paragraph from different aspects such as grammar, ideas, organization of ideas, communication, punctuation and spelling. |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: বিজ্ঞান**

<table>
<tr><th>এ্যাসাইনমেন্টের ক্রম</th><th>অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম</th><th>এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ</th><th>মূল্যায়ন নির্দেশক</th></tr>
<tr><td>নির্ধারিত কাজ-২</td><td>ষষ্ঠ অধ্যায়:<br>পরমাণুর গঠন<br>পাঠ ৪-৬:<br>পারমাণবিক সংখ্যা, ভরসংখ্যা ও আইসোটোপ</td><td>ছক:<br><table><tr><th>মৌল</th><th>পারমানবিক সংখ্যা</th><th>ভর সংখ্যা</th></tr><tr><td>X</td><td>১৭</td><td>৩৫</td></tr><tr><td>Y</td><td>১১</td><td>২৩</td></tr><tr><td>Z</td><td>৬</td><td>১৪</td></tr></table>২।<br>ক) আইসোটোপ কাকে বলে?<br>খ) পারমাণবিক সংখ্যা বলতে কী বুঝ?<br>গ) উদ্দীপকের ছকে উল্লিখিত Z মৌলের ১ টি পরমাণুতে বিদ্যমান নিউট্রন সংখ্যা নির্ণয় কর।<br>ঘ) উদ্দীপকের ছকে উল্লিখিত X ও Y মৌলদুটির পরমাণুসমুহের মধ্যে যৌগ গঠন সম্ভব- যুক্তিসহ বিশ্লেষণ কর।</td><td>ক. কোন মৌলের পরমাণুর ভর সংখ্যা ও প্রোটন সংখ্যা জেনে আইসোটোপ এর সংজ্ঞা সঠিকভাবে লেখার দক্ষতা।<br>খ. কোন মৌলের পরমাণুর প্রোটন সংখ্যা জেনে পারমাণবিক সংখ্যা নির্ণয় দক্ষতা।<br>গ. পরমাণুর মৌলিক কণিকার ধারণা, ভর সংখ্যা এবং প্রোটন সংখ্যা এবং প্রোটন সংখ্যা দিয়ে Z মৌলের নিউট্রন সংখ্যা নির্ণয়ের সক্ষমতা।<br>ঘ. মৌলের ইলেক্ট্রন বিন্যাস করে বহি:স্থ স্তরে ইলেকট্রন আদান প্রদানের মাধ্যমে দুইটি মৌলের যৌগ গঠন সম্ভব কি না তা গঠনের সক্ষমতা।</td></tr>
</table>

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: ৮ম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধাতির কাজ-২** | **তৃতীয় অধ্যায়:**<br>**বাংলাদেশের সাংস্কৃতিক পরিবর্তন ও উন্নয়ন**<br>• **পাঠ-১:** সাংস্কৃতিক পরিবর্তন ও উন্নয়ন ধারণা।<br>• **পাঠ-২:** সাংস্কৃতিক পরিবর্তন ও উন্নয়নের বৈশিষ্ট।<br>• **পাঠ-৩:** সাংস্কৃতিক পরিবর্তন ও উন্নয়নের বিভিন্ন দিক।<br><br>**পঞ্চম অধ্যায়:**<br>**সামাজিকীকরণ ও উন্নয়ন**<br>• **পাঠ-১:** সামাজিকীকরণের বিভিন্ন প্রতিষ্ঠানের প্রভাব।<br>• **পাঠ-২:** সামাজিকীকরণের বিভিন্ন উপাদানের প্রভাব। | **উদ্দীপকটি পড় ও নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:**<br>কোভিড-১৯ এর কারণে রনির স্কুলের স্বাভাবিক কার্যক্রম বন্ধ রয়েছে। সেটি কোভিড কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে। গত সপ্তাহে রনিদের পাশের বাড়িতে একজন কোভিড পজেটিভ রোগী সনাক্ত হয়। পাড়া-প্রতিবেশিরা সবাই তাদের বাড়ির সাথে সব ধরনের যোগাযোগ বন্ধ করে দেয়ায় পরিবারটি চরম অসহায় পরিস্থিতিতে পড়ে। এলাকার স্বেচ্ছাসেবীরা স্বাস্থ্যবিধি মেনে সশরীরে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সহায়তায় তাদের এই দূর্ভোগ লাঘব করেন।<br><br>ক) সাংস্কৃতিক আত্তীকরণ বলতে কি বুঝায়?<br>খ) সামাজিক পরিবর্তনের ২টি উদাহরণ দাও।<br>গ) রনিদের এলাকার মতো পরিস্থিতিতে তোমার এলাকায় কোভিড আক্রান্তদের জন্য বিদ্যালয়ের বন্ধুরা মিলে কী ধরনের স্বেচ্ছাসেবামূলক উদ্যোগ নেয়া যায়, তার একটি তালিকা প্রণয়ন কর।<br>ঘ) উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আমাদের সামাজিকীকরণে কী ধরনের প্রভাব বিস্তার করছে তা ব্যাখ্যা কর। | • সমসাময়িক তথ্যের জ্ঞান<br>• নির্ভুল তথ্য প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদানের সক্ষমতা<br>• নিজস্ব/ব্যক্তিগত অভিজ্ঞতার সমন্বয়<br>• নতুনত্ব/সৃজনশীলতার প্রকাশ |

**Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID- 19, 2020**

**Class: 9** **Subject: English**

| Serial | Unit and Title of the Lesson | Assigned Tasks/ Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| 2nd Assigned Task | **Unit-5**<br>**Lesson-1**<br>The Greed of the Mighty Rivers | HW: Section D | Teacher will check vocabulary, grammar, spelling |
| | **Unit- 5**<br>**Lesson- 3**<br>Man and Climate | HW: Section D | |

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: গণিত**

<table>
<tr><th>এ্যাসাইনমেন্টের ক্রম</th><th>অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম</th><th>এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ</th><th>মূল্যায়ন নির্দেশক</th></tr>
<tr><td>নির্ধারিত কাজ-২</td><td>অধ্যায়: ৬<br>● রেখা, কোণ ও ত্রিভুজ<br>অধ্যায়: ৩<br>● বীজগাণিতিক রাশি<br>অধ্যায়: ১৭<br>● পরিসংখ্যান</td><td>সৃজনশীল প্রশ্ন- ০১<br>$PQR$ একটি সমবাহু ত্রিভুজ এবং $PS, QR$ এর উপর লম্ব।<br>ক. $PQ = 3cm$ হলে, $\Delta PQR$ এর ক্ষেত্রফল নির্ণয় কর।<br>খ. প্রমাণ কর যে, $PQ + PR > 2PS$<br>গ. প্রমাণ কর যে, $4PS^2 = 3PR^2$<br>সৃজনশীল প্রশ্ন- ০২<br>$\Delta DEF$ এ $DE > EF$ এবং $\angle E$ ও $\angle F$ এর সমদ্বিখন্ডকদ্বয় পরস্পর P বিন্দুতে এবং বর্হিদ্বিখন্ডকদ্বয় Q বিন্দুতে ছেদ করেছে।<br>ক. $\angle D = 40°$ হলে, $\angle EPF$ এর ডিগ্রী পরিমাপ নির্ণয় কর।<br>খ. বর্ধিত $EP, DF$ কে $M$ বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে, $\angle DME$ স্থূলকোণ।<br>গ. প্রমাণ কর যে, $\angle EQF = 90° - \frac{1}{2}\angle D$<br>সংক্ষিপ্ত প্রশ্ন- ০১<br>১. $a - b = 4$ এবং $\boldsymbol{ab = 16}$ হলে, $\boldsymbol{a + b}$ এর মান নির্ণয় কর।<br>২. $\boldsymbol{x - \frac{1}{x} = 5}$ হলে, $\boldsymbol{x^3 + \frac{1}{x^3}}$ এর মান নির্ণয় কর।<br>৩. $\boldsymbol{a^3 - 21a - 20}$ কে উৎপাদকে বিশ্লেষণ কর।<br>৪. $\boldsymbol{x}$ টাকার $\boldsymbol{x}\%$ সরল মুনাফায় $\boldsymbol{4}$ বছরের মুনাফা $\boldsymbol{x}$ টাকা হলে $\boldsymbol{x}$ এর মান কত?<br>৫. $\boldsymbol{\frac{1}{p} = \sqrt{5} - 2}$ হলে, $\boldsymbol{p^2}$ এর মান কত?<br>সৃজনশীল প্রশ্ন- ০৩<br>$\boldsymbol{a + b + c = m, a^2 + b^2 + c^2 = n}$ এবং $\boldsymbol{a^3 + b^3 = p^3}$<br>ক. $m = 0$ হলে দেখাও যে, $a^3 + b^3 + c^3 - 3abc = 0$<br>খ. $c = 0$ হলে দেখাও যে, $m^3 + 2p^3 = 3mn$<br>গ. $m = 10$ এবং $n = 38$ হলে, $(a-b)^2 + (b-c)^2 + (c-a)^2$ এর মান নির্ণয় কর।</td><td>০১.ত্রিভুজ সংক্রান্ত সমস্যা সমাধান করতে পারা।<br><br>০২.ত্রিভুজের কোণের পরিমাপ সংক্রান্ত সমস্যার সমাধান করতে পারা।<br><br>সংক্ষিপ্ত প্রশ্ন- ০১<br>বীজগণিতীয় সূত্রের প্রয়োগ করে সমস্যা সমাধান করতে পারা।<br><br>০৩. বীজগণিতীয় সূত্রের প্রয়োগ করে সমস্যা সমাধান করতে পারা।<br><br>সংক্ষিপ্ত প্রশ্ন- ০২<br>তথ্য ও উপাত্তের ভিত্তিতে গড়, মধ্যক ও প্রচুরক নির্ণয় করতে পারা।<br><br>০৪. তথ্য ও উপাত্ত ব্যবহার করে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় করতে পারা ও গণসংখ্যা বহুভুজ অঙ্কন করতে পারা।</td></tr>
</table>

**সংক্ষিপ্ত প্রশ্ন- ০২**

১. উপাত্তসমূহের সর্বনিম্ন সংখ্যা $31$ এবং পরিসর $90$ হলে, সর্বোচ্চ সংখ্যা কত?

২. $1-22$ পর্যন্ত 3 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলোর মধ্যক কত?

৩. $1, 0, 1, 0, 1, 0, 1, 0, 1, 0, 1$ সংখ্যাগুলোর গড় কত?

৪. কোনো শ্রেণির $45$ জন শিক্ষার্থীর মধ্যে $30$ জন বালকের গড় ওজন $52$ কেজি এবং $15$ জন বালিকার গড় ওজন $40$ কেজি হলে শিক্ষার্থীদের গড় ওজন কত?

৫. 28, 30, 25, 27, 28, 25, 32 সংখ্যাগুলোর প্রচুরক কত?

**সৃজনশীল প্রশ্ন- ০৪**

কয়েকজন শিক্ষার্থীর গণিত বিষয়ের প্রাপ্ত নম্বরের নিবেশণ সারণি নিচে দেওয়া হলো:

| প্রাপ্ত নম্বর | $51-60$ | $61-70$ | $71-80$ | $81-90$ | $91-100$ |
|---|---|---|---|---|---|
| সংখ্যা | 8 | 10 | 15 | 12 | 5 |

**উল্লেখিত সারণি থেকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:**

ক. চলকের পরিচয়সহ মধ্যক নির্ণয়ের সূত্র লিখ।

খ. সারণি থেকে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর।

গ. প্রদত্ত উপাত্ত থেকে গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর।

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: রসায়ন**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-৩** | **সপ্তম অধ্যায়:**<br>● রাসায়নিক বিক্রিয়া | (ক) কাপড় কাঁচার সোডার জলীয় দ্রবণ + লেবুর রস =?<br>(খ) ডিমের খোসা + লেবুর রস =?<br>**উপরের দুটি বিক্রিয়া হাতে কলমে সম্পন্ন কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:**<br>১। রাসায়নিক সমীকরণের সাহায্যে বিক্রিয়া দুটি সম্পন্ন কর।<br>২। বিক্রিয়া দুটির ধরণ ব্যাখ্যা কর। | (১) রাসায়নিক সমীকরণের সাহায্যে বিক্রিয়া সঠিকভাবে উপস্থাপন<br>(২) বিক্রিয়া দুটির ধরণ সঠিকভাবে ব্যাখ্যা করা |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: ৯ম** **বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-৩** | **অষ্টম অধ্যায়:**<br>বাংলায় ইংরেজ শাসনের সূচনাপূর্ব<br><br>**নবম অধ্যায়:**<br>ইংরেজ শাসন আমলে বাংলায় প্রতিরোধ, নবজাগরণ ও সংস্কার আন্দোলন<br><br>**দশম অধ্যায়:**<br>ইংরেজ শাসন আমলে বাংলার স্বাধীকার আন্দোলন<br><br>(বাংলায় সশস্ত্র বিপ্লবী আন্দোলন ১৯১১-১৯৩১) | ইংরেজ শাসনামলে বাংলার রাজনৈতিক পরিবর্তনের সংক্ষিপ্ত বর্ণনা কর। | ১. বিষয়বস্তুর সঠিকতা<br>২. প্রশ্নর নির্দেশনা অনুযায়ী ধারাবাহিকভাবে উত্তরের মিল/অমিল চিহ্নিতকরণ<br>৩. নির্ভুলভাবে শব্দ ও বাক্য ব্যবহারের সক্ষমতা<br>৪. যুক্তি ও তথ্য প্রদর্শনের সক্ষমতা<br>৫. নিজস্ব মতামত প্রদানের সক্ষমতা |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: ৯ম** **বিষয়: ব্যবসায় উদ্যোগ**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| **নির্ধারিত কাজ-৩** | **ষষ্ঠ অধ্যায়:**<br>ব্যবসায় পরিকল্পনা<br><br>**সপ্তম অধ্যায়:**<br>বাংলাদেশের শিল্প | **সৃজনশীল প্রশ্ন:**<br>রুহি তার বাবার সাথে শেরপুর বেড়াতে গেলো। যাওয়ার পথে স্থানীয় একটি বাজারে নাস্তা খেতে নামলো। সে দেখলো রাস্তার পাশে বাশঁ ও বেতের তৈরি সুন্দর সুন্দর ঝুড়ি, কুলা, চেয়ার, দোলনা, ফুলদানি বিক্রি করছে। রুহি বাবাকে বলে দুটো ফুলদানি কিনলো। রুহির বাবা বললো এভাবেই স্থানীয়ভাবে তৈরি জিনিসপত্র বিক্রি করে হাজার হাজার লোকের কর্মসংস্থান হচ্ছে এবং পর্যটকদের নিকট এগুলোর চাহিদাও ব্যাপক। বর্তমানে সরকার এ খাতের নারী উদ্যোক্তাদের দুই লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদান করছে।<br>ক. ব্যবসায় পরিকল্পনা কী?<br>খ. সেবামূলক ক্ষুদ্র শিল্প বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর।<br>গ. উদ্দীপকে বর্ণিত পণ্যগুলো কোন শিল্পের অর্ন্তগত বর্ণনা কর।<br>ঘ. উদ্দীপকে প্রদত্ত তথ্য মতে এ খাতের বিকাশ সম্ভব বলে মনে করো কী? মতামত দাও। | ক.<br>● বিষয়বস্তুর জ্ঞান<br>খ.<br>● নির্ভুল তথ্য<br>● যুক্তিসংগত ব্যাখ্যা<br>গ.<br>● পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর সাথে উদ্দীপকের সংযোগ সাধন<br>ঘ.<br>● পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর সাথে উদ্দীপকের সংশ্লিষ্টতা বিবেচনায় নিয়ে সিদ্ধান্ত গ্রহনের সক্ষমতা |